# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الِالْتِفَاتِ فِي الصَّلَاةِ فَقَالَ: «هُوَ اخْتلَاس يختلسه الشَّيْطَان من صَلَاة العَبْد»

## বাংলা

৯৮২-[৫] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাতে এদিক-সেদিক দৃষ্টি নিক্ষেপ করার ব্যাপারে প্রশ্ন করেছি। তিনি বলেছেন, এটা ছোঁ মারা। শায়ত্বন (শয়তান) বান্দাকে সালাত (সালাত/নামায/নামাজ) হতে ছোঁ মেরে নিয়ে যায়। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৫১, আবূ দাঊদ ৯১০; হাদীসটি সহীহ মুসলিমে নেই।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাতে اِلْاِلْتِفَاتِ অর্থাৎ দৃষ্টি ফেরানো তিন প্রকার যথাঃ

১. কোন প্রয়োজন ব্যতিরেকে বক্ষ পরিবর্তন না করে শুধুমাত্র চেহারা ডান বা বাম দিকে ঘুরানো জমহূর ‘আলিমদের মতে এমন করা মাকরূহ। আহলে যাহিরদের মতে হারাম।

২. শুধুমাত্র চোখ ডান বা বাম দিকে ফেরানো। এতে কোন ক্ষতি নেই যদিও তা উত্তমের বিপরীত।

৩. ক্বিবলার দিক থেকে বক্ষকে অন্যদিকে ফেরানো। সর্বসম্মতক্রমে এ কাজ সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্টকারী।

অত্র হাদীস থেকে প্রথম প্রকার দৃষ্টি ফেরানো উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন